রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, আগষ্ট ৬, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

( মূল্য সংযোজন কর )

## আদেশ

ঢাকা, ২৬শে জ্যৈষ্ঠ, ১৪০১ বাং/ ৯ই জুন, ১৯৯৪ইং

এস, আর, ও, নং-XI- আইন/৯৪/৯১ -মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৩ ইং তারিখের আদেশ এস, আর, ও, নং ১০৯-আইন/৯৩/৭১-মূসক রহিত করিয়া যে সকল করযোগ্য পণ্যের প্রস্তুতকারক বা উৎপাদক বা করযোগ্য সেবা প্রদানকারী ব্যক্তির বার্ষিক টার্ণওভার পনের লক্ষ টাকার নিম্নে সে সকল ব্যক্তিকে উক্ত আইনের ধারা ১৫ এর অধীনে নিবন্ধিত হওয়ার বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রদান করিলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
সচিব।



মূল্য ঃ ৪·০০ টাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

( মূল্য সংযোজন কর )

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬শে জ্যৈষ্ঠ, ১৪০১ বাং/ ৯ই জুন, ১৯৯৪ইং

এস, আর, ও, নং–XII- আইন/৯৪/৯২ –মূসক।–মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ–ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, অত্র বিভাগের ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৩ ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ১০২–আইন/৯৩/৬৪–মূসক নিম্নরূপে অধিকতর সংশোধন করিলেন, যথাঃ–

উপরি–উক্ত প্রজ্ঞাপনের –

(১) টেবিল–১ এর কলাম (১) এর–

(ক) শিরনামা সংখ্যা (Heading No.) ২৩·০৬ এর বিপরীতে কলাম (২) এর সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) ২৩০৬·৪০·০০ এবং কলাম (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ও এন্ট্রি সন্নিবেশিত হইবে, যথাঃ–

"২৩০৬·৫০·০০ কোপরা ওয়েষ্ট";

(খ) শিরনামা সংখ্যা (Heading No.) ৩৮·০৮ এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পণ্য সামগ্রীর বিবরণে "ইনসেকটিসাইড," শব্দটি ও কমাটির পরিবর্তে "ইনসেকটিসাইড (এসবায়োথ্রিন ব্যতীত)," শব্দগুলি, বন্ধনী ও কমাটি প্রতিস্থাপিত হইবে;

(গ) শিরনামা সংখ্যা (Heading No.) ৭৩·১৭ এবং উহার বিপরীতে উল্লিখিত কলাম (২) ও কলাম (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহের পর, যথাক্রমে, নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ–

"৭৩·২১ ৭৩২১·১২·০০ কেরোসিনের চুলা" ;

(ঘ) শিরনামা সংখ্যা (Heading No.) ৮৪·২৪ এর বিপরীতে উল্লিখিত কলাম (২) ও কলাম (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ–

"৮৪২৪·৮১·১০}
৮৪২৪·৮১·৯০} কৃষিকার্যে ব্যবহৃত সকল প্রকার স্প্রেয়ার";
৮৪২৪·৮৯·০০}

(২) টেবিল-২ এর কলাম (১) এর শিরনামা সংখ্যা S০২৪ এবং উহার বিপরীতে উল্লিখিত কলাম (২) ও (৩) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যাসমূহ ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

| | | |
|---|---|---|
| " S০১৬ | S০১৬·০০ | ট্রাভেল এজেন্সী; |
| S০২৭ | S০২৭·০০ | বাংলাদেশে সমুদ্রগামী জাহাজের হাল বীমাকরণের ক্ষেত্রে বীমা প্রিমিয়ামের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর; |
| S০৩১ | S০৩১·০০ | দ্বিতীয় তফসিলের S০০১ হইতে S০৩০ পর্যন্ত শিরনামা সংখ্যার বিপরীতে বর্ণিত সেবাসমূহ ছাড়া অর্থের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং সংক্রান্ত অন্যান্য সকল সেবা।"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

( মূল্য সংযোজন কর )

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬শে জ্যৈষ্ঠ, ১৪০১বাং/ ৯ই জুন, ১৯৯৪ ইং

এস, আর, ও, নং-XIII- আইন/৯৪/৯৩-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, অত্র বিভাগের ১৯শে ভাদ্র, ১৩৯৮ মোতাবেক ৪ঠা সেপ্টেম্বর, ১৯৯১ তারিখের (৯ই সেপ্টেম্বর, ১৯৯১ তারিখের অতিরিক্ত গেজেটে প্রকাশিত) প্রজ্ঞাপন এস,আর,ও, নং ২৬৪-আইন/৯১/৩১-মূসক, ৫ই বৈশাখ, ১৩৯৯ মোতাবেক ১৮ই এপ্রিল, ১৯৯২ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং ৮১-আইন/৯১/৪৯-মূসক, ৪ঠা আষাঢ় ১৩৯৯ মোতাবেক ১৮ই জুন, ১৯৯২ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ১৩৯-আইন/৯২/৫২-মূসক, ৪ঠা ভাদ্র, ১৩৯৯ মোতাবেক ১৯শে আগষ্ট, ১৯৯২ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং ২০৩-আইন/৯২/৫৯-মূসক এবং ৫ই কার্তিক, ১৩৯৯ মোতাবেক ২০শে অক্টোবর, ১৯৯২ তারিখের এস, আর, ও, নং ২৩২-আইন/৯২/৬০-মূসক রহিত করিয়া নিম্নে বর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যাসমূহ (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ

বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহ ব্যতীত কুটির শিল্পে উৎপাদিত সকল পণ্যকে উক্ত আইনের আওতাধীনে আরোপযোগ্য সমূদয় মূল্য সংযোজন কর এবং, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিলেন, যথাঃ–

টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৯.০২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | চা |
| ১৫.১১ | ১৫১১.১০.০০<br>১৫১১.৯০.১০<br>১৫১১.৯০.৯০ | সকল প্রকার পামঅয়েল |
| ১৫.১৩ | ১৫১৩.১১.০০<br>১৫১৩.১৯.১০<br>১৫১৩.১৯.৯০ | সকল প্রকার নারিকেল তৈল |
| ১৫.১৮ | ১৫১৮.০০.১০}<br>১৫১৮.০০.২০}<br>১৫১৮.০০.৩০ | অপরিশোধিত আঠামুক্ত ও<br>পরিশোধিত সয়াবিন তৈল<br>নারিকেল তৈল |
| ৩০.০৪ ও ৩০.০৫ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | এন্টিসেপটিক ও ডিসইনফেকট্যান্ট। |
| ৩২.০৭ হইতে ৩২.১২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পেইন্টস, পিগমেন্টস, ভার্নিশেস এবং পলিশেস |
| ৩৩.০৩ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পারফিউম ও প্রসাধনে ব্যবহার্য পানি |
| ৩৩.০৪ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সৌন্দর্য অথবা প্রসাধন সামগ্রী এবং ত্বক পরিচর্যার প্রসাধন সামগ্রী (ঔষধে ব্যবহৃত পদার্থ ব্যতীত), সানস্ক্রীন বা সানট্যান সামগ্রী, হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রীসহ। |
| ৩৩.০৫ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | কেশ পরিচর্যায় ব্যবহৃত সামগ্রী |
| ৩৩.০৬ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | মুখ গহবর অথবা দন্ত জীবানুমুক্তকারী সামগ্রী, দন্ত জীবানুমুক্তকারী আঠালো পেষ্ট। |

| | | |
|---|---|---|
| ৩৩·০৭ | ৩৩০৭·১০·০০ | শেভ–পূর্ব, শেভিং অথবা শেভ পরবর্তীতে ব্যবহার্য প্রসাধন সামগ্রী |
| | ৩৩০৭·২০·০০ | শরীরের দুর্গন্ধ এবং ঘাম দূরীকরণে ব্যবহৃত সামগ্রী |
| | ৩৩০৭·৩০·০০ | সুগন্ধযুক্ত বাথসল্ট এবং অন্যান্য গোসল সামগ্রী |
| | ৩৩০৭·৪৯·০০ | আগরবাতি এবং অন্যান্য সুগন্ধী যাহা পোড়ানোর মাধ্যমে ব্যবহৃত হয় তাহা ব্যতীত অন্যান্য কক্ষ সুগন্ধকরণ অথবা দুর্গন্ধমুক্তকরণ করার সামগ্রী, ধর্মীয় কাজে ব্যবহৃত সুগন্ধীসহ |
| | ৩৩০৭·৯০·১০ | অন্যান্য সামগ্রী |
| | ৩৩০৭·৯০·৯০ | অন্যান্য সামগ্রী |
| ৩৯·১৭ | ৩৯১৭·২৩·০০ | পিভিসি পাইপ |
| ৬৯·০১<br>৬৯·০২<br>৬৯·০৩<br>৬৯·০৪ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সকল প্রকার ইট |
| ৭৪·০৮ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সুপার এনামেল্ড কপার ওয়্যার |
| ৮৪·১৪ | ৮৪১৪·৫১·১০ | গৃহস্থালী প্রকৃতির ঘরের ফ্যান যেমন, টেবিল, মেঝে, দেয়াল, জানালা, সিলিং বা ছাদের পাখা, উৎপাদন ক্ষমতা ১২৫ ওয়াটের অধিক নহে এমন বৈদ্যুতিক মটর সংযুক্ত। |
| | ৮৪১৪·৬০·০০ | হুডস আনুভূমিক পার্শ্বে ১২০ সেঃ মিঃ এর অধিক নহে এমন বৈদ্যুতিক পাখা। |
| ৮৫·২১ | ৮৫২১·১০·০০<br>৮৫২১·৯০·০০ | ভিডিও ক্যাসেট রেকর্ডার্স ও প্লেয়ার্স। |
| ৮৫·২৭ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | এক ব্যান্ড ব্যতীত অন্যান্য ব্যান্ডের রেডিও ও ট্রানজিষ্টার। |
| ৮৫·২৮ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সকল প্রকার টেলিভিশন। |
| ৮৯·০১ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সকল প্রকার ক্রুজ জাহাজ, এক্সকারশন বোট্স, ফেরী বোটস্, কার্গো জাহাজ, বার্জেস এবং যাত্রী বা মালামাল পরিবহনের উপযোগী সমজাতীয় জাহাজ। |

| | | |
|---|---|---|
| ৮৯.০২ | ৮৯০২.০০.০০ | ফিসিং বোটস, কারখানা জাহাজ এবং মাছ জাতীয় পণ্য প্রস্তুত বা সংরক্ষণের জন্য ব্যবহৃত অন্যান্য জাহাজ। |
| ৮৯.০৩ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | ইয়টস্ এবং খেলাধূলা বা আনন্দ উপভোগের জন্য অন্যান্য নৌকা, রোয়িং বোটস এবং ক্যানোস। |
| ৮৯.০৪ | ৮৯০৪.০০.০০ | টাগস্ ও পুশার ক্রাফট। |

ব্যাখ্যা।- এই প্রজ্ঞাপনে, "কুটির শিল্প" বলিতে এইরূপ কোন শিল্প প্রতিষ্ঠানকে বুঝাইবে-

(১) যাহা Joint Stock Company নহে,

(২) যাহার প্লান্ট, মেশিনারী ও ইকুইপমেন্টে বিনিয়োগকৃত মূলধন বৎসরের যে কোন সময় তিনলক্ষ টাকার অধিক নহে,

(৩) যাহার বার্ষিক টার্ণওভার পনের লক্ষ টাকার অধিক নহে, এবং

(৪) যাহার উৎপাদনস্থলে অন্য কোন ব্যক্তির ব্রান্ড নামের পণ্য উৎপাদিত হয় না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

( মূল্য সংযোজন কর )

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬শে জ্যৈষ্ঠ, ১৪০১ বাং/ ৯ই জুন, ১৯৯৪ ইং

এস, আর, ও, নং-XIV- আইন/৯৪/৯৪ -মূসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা

(Heading No.) ৮৯'০১ এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত তিন হাজার টনের উর্দ্ধের ধারণ ক্ষমতা (DWT) সম্পন্ন সমুদ্রগামী জাহাজকে, আমদানি পর্যায়ে, উহার উপর আরোপনীয় সমূদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিলেনঃ

তবে শর্ত থাকে যে, আমদানিকৃত উক্ত জাহাজ ভবিষ্যতে বাংলাদেশে ভাংগা হইলে উহার উপর আরোপনীয় সমূদয় মূল্য সংযোজন কর প্রদান করা হইবে এই মর্মে আমদানিকারককে সংশ্লিষ্ট কালেক্টরের অনুকূলে শুল্কায়নের সময় একটি অঙ্গীকারনামা পেশ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
সচিব।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬শে জ্যৈষ্ঠ, ১৪০১ বাং/ ৯ই জুন, ১৯৯৪ইং

এস, আর, ও, নং–XV- আইন/৯৪/৯৫ – মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ–ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর FIRST SCHEDULE এর নিম্নবর্ণিত শিরনামা সংখ্যাসমূহ (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ (H. S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে সরবরাহ পর্যায়ে আরোপনীয় সমুদয় সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিলেন, যথাঃ–

**টেবিল**

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৮'০২ | ০৮০২'৯০'১০ | সুপারি (Betelnuts) |
| ২৫'০১ | ২৫০১'০০'১০ | বিশুদ্ধ সোডিয়াম ক্লোরাইড |

| | | |
|---|---|---|
| | ২৫০১.০০.২১ | লবন |
| | ২৫০১.০০.২৯ | অন্যান্য |
| ২৫.২৩ | ২৫২৩.২৯.০০ | গ্রে পোর্টল্যান্ড সিমেন্ট |
| ৪৮.১৩ | ৪৮১৩.১০.০০<br>৪৮১৩.২০.০০<br>৪৮১৩.৯০.০০ | সিগারেট পেপার, সাইজমত কর্তিত হউক বা না হউক অথবা পুস্তিকা বা টিউবের আকারে |
| ৮৭.০৩ | ৮৭০৩.২৩.৯১ | সিলিন্ডার ক্যাপাসিটি ২০০০ সিসি এর উর্ধ্বে জীপ, সম্পূর্ণ তৈরী |
| | ৮৭০৩.২৪.৯১ | সিলিন্ডার ক্যাপাসিটি ৩০০০ সিসি এর উর্ধ্বে জীপ, সম্পূর্ণ তৈরী |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬শে জ্যৈষ্ঠ, ১৪০১ বাং/ ৯ই জুন, ১৯৯৪ইং

এস, আর, ও, নং–XVI- আইন/৯৪/৯৬– মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ–ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নে বর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর FIRST SCHEDULE এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহ (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ (H. S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে, আমদানি পর্যায়ে, উহাদের উপর আরোপনীয় সম্পূরক শুল্ক যে পরিমাণে উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৪) এ উল্লিখিত হারের অতিরিক্ত হয় সেই পরিমাণ সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিলেন, যথাঃ–

টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description) | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) (৩) | (৪) | |
| ২৭.০৯ | ২৭০৯.০০.০০ | অশোধিত পেট্রোলিয়াম তৈল এবং বিটুমিন খনিজ হইতে প্রাপ্ত তৈল | শূন্য |
| ২৭.১০ | ২৭১০.০০.১১ | এইচ, ও, বি, সি, টাইপ মোটর স্পিরিট | ১০ |
| | ২৭১০.০০.১৯ | এভিয়েশন স্পিরিটসহ অন্যান্য মোটর স্পিরিট | ১০ |
| | ২৭১০.০০.২০ | স্পিরিট টাইপ জেট ফুয়েল | ১০ |
| | ২৭১০.০০.৩১ | সাদা স্পিরিট | ১০ |
| | ২৭১০.০০.৩২ | ন্যাপথা | ১০ |
| | ২৭১০.০০.৪১ | জেপি ১ কেরোসিন টাইপ জেট ফুয়েল | ২০ |
| | ২৭১০.০০.৪২ | জেপি ৪ কেরোসিন টাইপ জেট ফুয়েল | ২০ |
| | ২৭১০.০০.৪৩ | অন্যান্য কেরোসিন টাইপ জেট ফুয়েল | ২০ |
| | ২৭১০.০০.৪৯ | অন্যান্য কেরোসিন | শূন্য |
| | ২৭১০.০০.৬১ | লাইট ডিজেল তৈল | ১০ |
| | ২৭১০.০০.৬২ | হাইস্পীড ডিজেল তৈল | ১০ |
| ৮৭.০৩ | ৮৭০৩.২২.২১ | সিলিন্ডার ক্যাপাসিটি ১০০০ সিসি এর উর্দ্ধে কিন্তু ১৩০০ সিসি এর উর্দ্ধে নহে | ১৫ |
| | ৮৭০৩.২২.৩১ }<br>৮৭০৩.২২.৪১ }<br>৮৭০৩.২২.৫১ } | সিলিন্ডার ক্যাপাসিটি ১৩০০ সিসি এর উর্দ্ধে নহে | ১৫। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬শে জ্যৈষ্ঠ, ১৪০১ বাং/ ৯ই জুন, ১৯৯৪ ইং

এস, আর, ও, নং–XVII- আইন/৯৪/৯৭ –মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সালের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ–ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ৪ঠা আষাঢ়, ১৩৯৯ বাং মোতাবেক ১৮ই জুন, ১৯৯২ইং তারিখের এস, আর, ও, নং ১৪০–আইন/৯২/৫৩–মূসক রহিত করিয়া নিম্নেবিধৃত টেবিলের কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর FIRST SCHEDULE এর শিরনামা সংখ্যাসমূহ (Heading No.) এবং উহার সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ (H.S.Code) এর অধীন এবং উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত বাংলাদেশে সরবরাহকৃত পণ্যসমূহকে উহাদের উপর আরোপনীয় সম্পূরক শুল্ক যেই পরিমাণে উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৪) এ উল্লিখিত হারের অতিরিক্ত হয়, সেই পরিমাণ সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিলেন, যথাঃ–

টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description) | সম্পূরক শুল্কহার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| "২৪·০২ | ২৪০২·২০·০০ | তামাকের তৈরী সিগারেট | |
| | | সুস্পষ্ট লক্ষণীয় ও অনপনীয়ভাবে সিগারেটের খুচরা বিক্রয়মূল্য যদি– | |
| | | (১) দুই টাকা উনপঞ্চাশ পয়সা পর্যন্ত | ৩৫·০০ |
| | | (২) দুই টাকা পঞ্চাশ পয়সা হইতে দুই টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত | ৫০·০০ |
| | | (৩) তিন টাকা এবং ততোধিক | ৫৩·০০ |
| ২৭·১১ | ২৭১১·২১·০০ | প্রাকৃতিক গ্যাস | ১২৮·৮৩"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

( সম্পূরক শুল্ক )

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬শে জ্যৈষ্ঠ, ১৪০১বাং/ ৯ই জুন ১৯৯৪ ইং

এস, আর, ও, নং–XVIII- আইন/৯৪/৯৮ –মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ–ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, অত্র বিভাগের ৮ই বৈশাখ, ১৪০১ বাংলা মোতাবেক ২১শে এপ্রিল, ১৯৯৪ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং–১১৯ –আইন/৯৩/৮৯ –মূসক রহিত করিয়া নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে, আমদানি ও উৎপাদন পর্যায়ে, উহাদের উপর আরোপনীয় সমুদয় সম্পূরক শুল্ক হইতে নিম্নবিধৃত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিলেন, যথাঃ–

এই প্রজ্ঞাপনের আওতায় –

(১) যে সব পণ্য আমদানি বা সরবরাহ করা হইবে সেই সব পণ্য শিল্পের জন্য অপরিহার্য যন্ত্রপাতি এই মর্মে বিনিয়োগ বোর্ড হইতে পরিশিষ্ট–১ মোতাবেক একটি প্রত্যয়নপত্র পেশ করিতে হইবে; এবং

(২) যে শিল্পের জন্য এই সকল যন্ত্রপাতি আমদানি বা সরবরাহ করা হইবে তাহার বাহিরে অন্য কোথাও এই সকল যন্ত্রপাতি স্থাপন, ব্যবহার, হস্তান্তর বা অপসারণ করা হইলে আমদানিকারক বা সরবরাহকারীকে প্রচলিত হারে দেয় সকল শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধে বাধ্য থাকিবে এই মর্মে পরিশিষ্ট–২ মোতাবেক ব্যক্তিগত মুচলেকা প্রদান করিতে হইবে।

টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যসমূহের বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮৪·১৫ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | ১০ অশ্ব শক্তির উর্ধ্ব ক্ষমতাবিশিষ্ট এয়ারকন্ডিশনার। |
| ৮৪·১৮ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | ফ্রিজার। |
| ৮৫·১৯ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | টার্ণটেবল ডিস্ক। |
| ৮৫·২০ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | ম্যাগনেটিক টেপ রেকর্ডার। |

পরিশিষ্ট — ১

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ..................... তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ..................................... এর দফা (১) মোতাবেক বিনিয়োগ বোর্ড কর্তৃক প্রদেয়

প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স .......................... কর্তৃক ঋনপত্র নং............, তারিখ ...............এর আওতায় ইনভয়েস নং .................. তারিখ ..................., বিল অব লেডিং নং .....................তারিখ ................., বিল অব এন্ট্রি নং ..................... তারিখ ................ এর মাধ্যমে আমদানিকৃত/ মূসক–১১ চালানপত্রের মাধ্যমে সরবরাহকৃত যন্ত্রপাতি শিল্প প্রতিষ্ঠানের উৎপাদনের কাজে ব্যবহৃত হইবে এবং এইসব যন্ত্রপাতি শিল্পের জন্য অপরিহার্য।

নাম ...................

পদবী ..................

( পরিচালকের নিম্নে নহে )

সীল

পরিশিষ্ট—২

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ............................. তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ..................................... এর দফা (২) মোতাবেক

মুচলেকা

আমি ........................................ এর মালিক/অংশীদার/ম্যানেজিং ডিরেক্টর , ....................................... এই মর্মে মুচলেকা

( প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা )

প্রদান করিতেছি যে, আমার প্রতিষ্ঠানের উৎপাদনের উদ্দেশ্যে ................... জাহাজযোগে ...................... নম্বর পালায় ..................... নম্বর লাইনে ...................... তারিখের .................... নম্বর বি, এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট, ........... তারিখের ............ নম্বর ইনভয়েস ............... তারিখের বিল অব এন্ট্রি নম্বর ............... এর মাধ্যমে আমদানিকৃত/মূসক–১১ চালানপত্রের মাধ্যমে সরবরাহকৃত যন্ত্রপাতি বা যন্ত্রাংশ আমার শিল্প প্রতিষ্ঠানের/ক্রেতা মেসার্স .............. এর শিল্প প্রতিষ্ঠানের বাহিরে অন্য কোথাও ব্যবহার, হস্তান্তর বা অপসারন করা হইলে আমি প্রচলিত হারে দেয় সকল শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক দিতে বাধ্য থাকিব।

স্বাক্ষর–..............

নাম– ..............

পদবী– ..............

সীল– ..............

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান

সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

( সম্পূরক শুল্ক )

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬শে জ্যৈষ্ঠ, ১৪০১ বাং/ ৯ই জুন, ১৯৯৪ ইং

এস, আর, ও, নং–XIX- আইন/৯৪/৯৯ –মূসক।–মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ–ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, অত্র বিভাগের ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাংলা মোতাবেক ১০ই জুন, ১৯৯৩ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং– ১০৩–আইন/৯৩/৬৭–মূসক, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০বাংলা মোতাবেক ১০ই জুন, ১৯৯৩ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং– ১১০–আইন/৯৩/৭২–মূসক, ২০শে আষাঢ়, ১৪০০ বাংলা মোতাবেক ৪ঠা জুলাই, ১৯৯৩ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং–১২৮–আইন/৯৩/৭৭–মূসক, ২০শে আষাঢ়, ১৪০০বাংলা মোতাবেক ৪ঠা জুলাই, ১৯৯৩ তারিখের (৫ই জুলাই, ১৯৯৩ তারিখের অতিরিক্ত গেজেটে প্রকাশিত) প্রজ্ঞাপন এস, আর, ও, নং–১২৯–আইন/৯৩/৭৮–মূসক, ২৩শে ভাদ্র, ১৪০০বাংলা মোতাবেক ৭ই সেপ্টেম্বর, ১৯৯৩ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং–১৭৬–আইন/৯৩/৮০–মূসক, ৩০শে পৌষ, ১৪০০বাংলা মোতাবেক ১৩ই জানুয়ারী, ১৯৯৪ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং–১৯–আইন/৯৪/৮৭–মূসক এবং ৫ই মাঘ, ১৪০০বাংলা মোতাবেক ১৮ই জানুয়ারী, ১৯৯৪ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং–২৪–আইন/৯৪/৮৬–মূসক রহিত করিয়া নিম্নে বর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে, আমদানি পর্যায়ে, উহাদের উপর আরোপনীয় সমুদয় সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিলেন, যথাঃ–

টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১৫.০৭<br>১৫.১৮ | ১৫০৭.১০.১০<br>১৫১৮.০০.১০ | অশোধিত আঁঠামুক্ত সয়াবিন তৈল |
| ১৫.১১<br>১৫.১৮ | ১৫১১.১০.০০<br>১৫১৮.০০.৪০ | অশোধিত পাম তৈল/অলিন |
| ৩৩.০২ | সকল সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | শিল্পখাতে উপকরণ হিসাবে ব্যবহার উপযোগী সুগন্ধী দ্রব্যের মিশ্রণ এবং এই জাতীয় এক বা একাধিক দ্রব্য ভিত্তিক মিশ্রণ (এলকোহলিক দ্রবনসহ) |

| | | |
|---|---|---|
| ৮৪.১৮ | ৮৪১৮.৬১.০০ | ওয়াটার চিলার (কেবলমাত্র শিল্পক্ষেত্রে ব্যবহার্য্য) |
| ৮৫.২৭ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | টু–ইন–ওয়ান [সম্পূর্ণ তৈরী অবস্থায় কেবলমাত্র অপর্যটক ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ১৯৯৩ এর আওতায় যাত্রী পিছু একটি মাত্র টু–ইন–ওয়ান আমদানির ক্ষেত্রে প্রযোজ্য] |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
সচিব।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

[ আবগারী ]

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬শে জ্যৈষ্ঠ, ১৪০১ বাং/ ৯ই জুন, ১৯৯৪ইং

এস, আর, ও, নং–XX- আইন/৯৪/২৮১– আবগারী।– Excises and Salt Act, 1944 (1 of 1944) এর section 12A (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ৪ঠা আষাঢ়, ১৩৯৯ বাং মোতাবেক ১৮ই জুন, ১৯৯২ ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং–১৪৬–আইন/৯২/২৭৬–আবগারী নিম্নরূপে সংশোধন করিলেন, যথাঃ–

উপরি–উক্ত প্রজ্ঞাপনের টেবিল–১ এর কলাম (1) এর Heading No. 24.02 এর বিপরীতে কলাম (3) এর ক্লজ (a) তে উল্লিখিত পণ্যের ক্ষেত্রে উহার বিপরীতে কলাম (4) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ–

"Taka twenty-two per thousand cigarettes"।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।